রেজিস্টার্ড নং ডি এ -১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জানুয়ারি ১৬, ২০০৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ জানুয়ারি ২০০৭/০৩ মাঘ ১৪১৩

**এস, আর, ও নং-৭-আইন/২০০৭।**—যেহেতু বিচার বিভাগীয় পদে দায়িত্ব পালনকারী কর্মকর্তাগণের বিষয়ে পৃথক বিধিমালা প্রণয়নের জন্য সংবিধানের ১১৫ অনুচ্ছেদে রাষ্ট্রপতিকে ক্ষমতা প্রদান করা হইয়াছে;

এবং যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের ৭৯/১৯৯৯ নম্বর সিভিল আপীলে প্রদত্ত রায়ে সংবিধানের ১১৫ অনুচ্ছেদের অধীনে একটি জুডিসিয়াল সার্ভিস কমিশন গঠনের নির্দেশনা রহিয়াছে;

সেহেতু সুপ্রীম কোর্টের উক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য জুডিসিয়াল সার্ভিস কমিশন গঠনের উদ্দেশ্যে সংবিধানের ১১৫ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেনঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা **বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন বিধিমালা, ২০০৭** নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**— বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বিধি ৩ এর অধীন গঠিত জুডিসিয়াল সার্ভিস কমিশন;

(খ) "চেয়ারম্যান" অর্থ কমিশনের চেয়ারম্যান;

(গ) "প্রবেশ পদ" অর্থ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস এর সহকারী জজ পদ;

(ঘ) "সরকারী কর্ম কমিশন" অর্থ Bangladesh Public Service Commission Ordinance, 1977 (LVII of 1977) এর অধীন প্রতিষ্ঠিত Bangladesh Public Service Commission;

(ঙ) "সদস্য" অর্থ কমিশনের কোন সদস্য;

(চ) "সার্ভিস" অর্থ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস;

[৩। **কমিশন প্রতিষ্ঠা ও উহার গঠন**।- (১) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন নামে একটি, কমিশন থাকিবে।

(২) কমিশন নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা ঃ-

(ক) প্রধান বিচারপতির সহিত পরামর্শক্রমে রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের আপীল বিভাগের একজন বিচারক, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;

(খ) প্রধান বিচারপতির সহিত পরামর্শক্রমে রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের দুইজন বিচারক;

(গ) অ্যাটর্নি জেনারেল, পদাধিকারবলে;

(ঘ) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, পদাধিকারবলে;

(ঙ) সচিব, অর্থ বিভাগ, পদাধিকারবলে;

(চ) সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, পদাধিকারবলে;

(ছ) রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের একজন ডীন অথবা অধ্যাপক;

(জ) রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, পদাধিকারবলে;

(ঝ) জেলা জজ, ঢাকা, পদাধিকারবলে।

(৩) উপ-বিধি (২) এর দফা (ক), (খ) এবং (ছ) এর অধীন মনোনীত সদস্য মনোনয়নের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর মেয়াদের জন্য সদস্য পদে বহাল থাকিবেন।

(৪) প্রধান বিচারপতির সহিত পরামর্শক্রমে রাষ্ট্রপতি উপ-বিধি (২) এর দফা (ক) ও (খ) এর অধীন মনোনীত কোন সদস্যকে পুনঃমনোনয়ন প্রদান করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (২) এর দফা (ক), (খ) এবং (ছ) এর অধীন মনোনীত কোন সদস্য রাষ্ট্রপতি কর্তৃক অনুরুদ্ধ হইলে, তিনি সদস্য পদ হইতে পদত্যাগ করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, উপ-বিধি (২) এর দফা (ক) ও (খ) এর অধীন মনোনীত সদস্যকে পদত্যাগের অনুরোধের ক্ষেত্রে প্রধান বিচারপতির পরামর্শ গ্রহণ করিতে হইবে।

(৬) উপ-বিধি (২) এর দফা (ক), (খ) ও (ছ) এর অধীন মনোনীত কোন সদস্য রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে সদস্য পদ ত্যাগ করিতে পারিবেন।

(৭) কমিশনের কোন সদস্য পদে শূন্যতার কারণে উহার কোন কার্যধারার বৈধতা ক্ষুণ্ন হইবে না।][১]

৪। **কমিশনের সচিবালয়**।—(১) কমিশনের একটি নিজস্ব সচিবালয় থাকিবে এবং রাষ্ট্রপতি কর্তৃক নির্ধারিত সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী সমন্বয়ে উহা গঠিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন সচিবালয় গঠিত না হওয়া পর্যন্ত—

(ক) সরকারী কর্ম কমিশনের সচিবালয় কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে এবং উক্ত সচিবালয় কমিশনের সচিবালয় হিসাবে গণ্য হইবে;

(খ) সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সচিব কমিশনের সচিবের দায়িত্ব পালন করিবেন।

৫। **কমিশনের দায়িত্ব**।—কমিশনের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) সার্ভিসের প্রবেশ পদে নিয়োগদানের জন্য উপযুক্ত ব্যক্তিদিগকে মনোনয়নের উদ্দেশ্যে যাচাই ও পরীক্ষা পরিচালনা এবং রাষ্ট্রপতির নিকট প্রার্থীর নাম সুপারিশ করা;

(খ) রাষ্ট্রপতি কর্তৃক সার্ভিস পদে নিয়োগ বা তৎসংক্রান্ত অন্য যে কোন বিষয় সম্পর্কে কমিশনের পরামর্শ চাওয়া হইলে কিংবা কমিশনের দায়িত্ব সংক্রান্ত কোন বিষয় কমিশনের নিকট প্রেরণ করা হইলে, সেই সম্পর্কে রাষ্ট্রপতিকে উপদেশ দান; এবং

---

[১] এস, আর, ও নং ৩৮১-আইন/২০১২, তারিখ ঃ ১১ নভেম্বর ২০১২ মোতাবেক প্রতিস্থাপিত।

(গ) আইন বা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৫ বা ১৩৩ অনুচ্ছেদের অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত অন্যান্য দায়িত্ব পালন।

৬। **কমিশনের সভা**।—(১) এই বিধির অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কমিশন ইহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) কমিশনের সভা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত সময় ও স্থানে অনুষ্ঠিত হইবে।

(৩) কমিশনের সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে বিধি ৩ এর উপ-বিধি ২[তে][১] উল্লেখিত ক্রমানুসারে সদস্য সভাপতিত্ব করিবেন; কমিশনের সভায় কোরামের জন্য উহার অন্যূন ছয়জন সদস্যের, সভাপতি বা সভাপতিত্বকারী সদস্যসহ, উপস্থিতির প্রয়োজন হইবে এবং মুলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৪) উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে কমিশনের সিদ্ধান্ত গৃহীত হইবে এবং মতামতের সমতার ক্ষেত্রে, সভায় সভাপতিত্বকারী সদস্যের নির্ণায়ক সিদ্ধান্ত প্রদানের ক্ষমতা থাকিবে।

৭। **বার্ষিক প্রতিবেদন**।—কমিশন প্রতি বৎসর ৩১শে মার্চের মধ্যে পূর্ববর্তী বৎসরে সম্পাদিত স্বীয় কার্যাবলী সম্পর্কে একটি প্রতিবেদন রাষ্ট্রপতির নিকট পেশ করিবে।

৮। **আদেশ জারীর ক্ষমতা**।—এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশন, রাষ্ট্রপতির পূর্বানুমোদনক্রমে, সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, এই বিধিমালার সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ বিধান প্রণয়ন করিতে পারিবে।

৯। [বিলুপ্ত][২]

১০। **রহিতকরণ ও হেফাজত**।—(১) এই বিধিমালা বলবৎ হওয়ার সঙ্গে সঙ্গে, ১৫ মাঘ, ১৪১০ বাংলা মোতাবেক ২৮ জানুয়ারি, ২০০৪ খ্রিস্টাব্দ তারিখের এস, আর, ও নং ১৯-আইন/২০০৪ দ্বারা জারীকৃত বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন বিধিমালা, ২০০৪ রহিত হইবে।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধিমালার [অধীনে জারিকৃত আদেশ,][৩] সকল কাজকর্ম [ও][৪] গৃহীত সকল ব্যবস্থা এই বিধিমালার অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আলাউদ্দিন সরদার**
সচিব

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

[১] এস, আর, ও নং ৩৩-আইন/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা প্রতিস্থাপিত;
[২] এস, আর, ও নং ৩৩-আইন/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা বিলুপ্ত;
[৩] এস, আর, ও নং ৩৩-আইন/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা সংশোধিত;
[৪] এস, আর, ও নং ৩৩-আইন/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা প্রতিস্থাপিত।